

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
মাদ্রাসা শাখা-০৩  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.১৬.০০১.২১.৩৪

তারিখ: ২৮ মাঘ ১৪২৭

১১ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: সিলেট জেলার বিশ্বনাথ উপজেলার সিরাজপুর কাজী বাড়ী ইসলামিয়া দাখিল মাদ্রাসায় শর্ত শিথিলপূর্বক দাখিল নবম শ্রেণীর পাঠদানের অনুমতি প্রদানের জন্য টিএমইডি নির্দেশনা।  
সূত্র: কাজী মাও মোঃ আব্দুল হাদী, সভাপতি, সিরাজপুর কাজী বাড়ী ইসলামিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা-বিশ্বনাথ, জেলা-সিলেট এর নিকট হতে প্রাপ্ত আবেদন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার বিশ্বনাথ উপজেলার সিরাজপুর কাজী বাড়ী ইসলামিয়া দাখিল মাদ্রাসায় শর্ত শিথিলপূর্বক দাখিল নবম শ্রেণীর পাঠদানের অনুমতি প্রদানের জন্য উক্ত মাদ্রাসার সভাপতি কর্তৃক স্বাক্ষরিত একটি আবেদনপত্র বর্ণিত স্মারকের মাধ্যমে সচিব, টিএমইডি এর বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

২. ৯ম শ্রেণি পাঠদানের অনুমতির অনুরোধ হলো উক্ত আবেদনের বিষয়বস্তু। এবং উক্ত আবেদনের (পাঠদান অনুমতি) বিষয়বস্তুর সাথে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড সংশ্লিষ্ট।

৩. বেসরকারি উদ্যোগে মন্ত্রণালয়ের প্রশাসনিক আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ ও মাদ্রাসা) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালা-১৯৯৭ এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড আইন ২০২০ এর ০৯ ধারা অনুযায়ী এ সংক্রান্ত কার্যক্রমের সাথে (চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড) সংশ্লিষ্ট বিধায় কাজী মাও মোঃ আব্দুল হাদী, সভাপতি, সিরাজপুর কাজী বাড়ী ইসলামিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা-বিশ্বনাথ, জেলা-সিলেট পত্রখানা আইনানুগভাবে নিষ্পত্তির নিমিত্ত মহোদয় বরাবর প্রেরণ করা প্রয়োজন।

৪. এমতাবস্থায়, উপরিউক্ত বিষয়াদি বিবেচনায় নিয়ে কাজী মাও মোঃ আব্দুল হাদী, সভাপতি, সিরাজপুর কাজী বাড়ী ইসলামিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা-বিশ্বনাথ, জেলা-সিলেট পত্রের (পত্রের কপি সংযুক্তক্রমে) বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১(এক) পাতা।

১১-২-২০২১

সৈয়দ আসগর আলী

সহকারী সচিব

ফোন: ০২-৯৫৪৫৭২০

চেয়ারম্যান বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড বকশিবাজার,

ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.১৬.০০১.২১.৩৪/১

তারিখ: ২৮ মাঘ ১৪২৭  
১১ ফেব্রুয়ারি ২০২১


সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

✓) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩) অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৪) অফিস কপি।



১১-২-২০২১

সৈয়দ আসগর আলী  
সহকারী সচিব